4

দৈনিক সংবাদ

তারিখ 18 JAN 1997
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

### ইসলামী বিশ্ববিদ্যালয়

## ভর্তি পরীক্ষা স্থগিত ঘোষণা

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ১৭ই জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।– ইসলামী বিশ্ববিদ্যালয়ে ১৯৯৬–৯৭ সেশনে স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে। ১৮ই জানুয়ারি হতে ২৩শে জানুয়ারি ৬টি ইউনিটের ভর্তি পরীক্ষা হওয়ার কথা ছিল। ছাত্রলীগ (শা–পা) ও ছাত্রশিবিরের মধ্যে সংঘর্ষ জনিত কারণে বিশ্ববিদ্যালয় বন্ধ করার ফলে ভর্তি পরীক্ষা বাতিল করা হয়েছে। ভর্তির প্রোগ্রাম পরে জানানো হবে বলে বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে।

### তদন্ত কমিটি গঠন

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ (শা–পা) ও ছাত্রশিবিরের মধ্যে সৃষ্ট সংঘর্ষ এবং বিশ্ববিদ্যালয় বন্ধের কারণ অনসুন্ধান করতে তিন সদস্যের তদন্ত কমিট গঠন করা হয়েছে। তদন্ত কমিটি প্রত্যক্ষদর্শীদের লিখিত বক্তব্য চেয়ে এক সার্কুলার জারি করেছে। ২৪শে ফেব্রুয়ারি তথ্য পরিবেশনের শেষ তারিখ বলে উল্লেখ করা হয়েছে। তদন্ত কমিটির আহ্বায়ক নির্বাচিত হয়েছেন অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ মোহাম্মদ মামুন, সদস্য মোঃ জাকারিয়া রহমান ও মোঃ আফাজউদ্দিন।